১। যশোর জেলার স্থায়ী বাসিন্দাদের স্ব-হস্তে লিখিত দরখাস্ত পুলিশ সুপার, কারবালা রোড, যশোর-৭৪০০ এর ঠিকানায় আগামী ২৭/০২/২০১৯খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে ডাকযোগে/ হাতে হাতে পৌঁছাতে হবে। দরখাস্তে প্রার্থীর নাম, পিতার নাম, মাতার নাম, বর্তমান ও স্থায়ী ঠিকানা, জন্ম তারিখ: ২৭/০২/২০১৯ খ্রিঃ তারিখে প্রার্থীর বয়স, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, জাতীয়তা, বিশেষ যোগ্যতা ইত্যাদি উল্লেখ করতে হবে। শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র সমূহের সত্যায়িত অনুলিপি, জাতীয়তার সনদপত্র, গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র এবং সদ্য তোলা ৩ কপি পাসপোর্ট সাইজের ছবি গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত করে দরখাস্তের সহিত অবশ্যই দাখিল করতে হবে। প্রতিটি সত্যায়নের ক্ষেত্রে সত্যায়নকারী কর্মকর্তার নামের সীলমোহর থাকতে হবে। (২) ২৭/০২/২০১৯খ্রিঃ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধার সন্তানদের জন্য বয়সসীমা ৩২ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (৩) উল্লেখিত পদ পূরণের ক্ষেত্রে মুক্তিযোদ্ধার সন্তান, মহিলা, উপজাতি, এতিম/ শারীরিক প্রতিবন্ধী, আনসার/ ভিডিপি সদস্য প্রভৃতি কোটা সংরক্ষণ বিষয়ে সরকারের সর্বশেষ নীতিমালা অনুসৃত হবে। (৪) এতিম, আনসার/ ভিডিপি, মুক্তিযোদ্ধা কোটা প্রার্থীদের উপযুক্ত কর্তৃপক্ষের প্রদত্ত সনদপত্র সত্যায়িত অনুলিপি দরখাস্তের সহিত জমা দিতে হবে। (৫) চাকুরিরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৫) খামের উপর বাম পার্শ্বে পদের নাম, নিজ জেলা এবং বিশেষ কোটার নাম সুস্পষ্টভাবে উল্লেখ করতে হবে। (৬) পরীক্ষা ফি বাবদ ৫০/- টাকা হিসাবে কোড নং-১-২২১১-০০০০-২০৩১ এ ট্রেজারী চালানের মাধ্যমে জমা দিয়ে মূলকপি আবেদনপত্রের সাথে যুক্ত করতে হবে। (৭) সাক্ষাৎকার গ্রহণের সময় প্রতিটি সনদপত্রের মূলকপি দেখাতে হবে। (৮) ফোন: ০৪২১-৬৮৬২২। **সূত্রঃ কালেরকণ্ঠ ৩১/০১/২০১৯ইং (পৃঃ ১৮)**

সরকারি-বেসরকারি সকল নিয়োগ পরীক্ষার জন্য সংগ্রহ করুন

নতুন সংস্করণ-২০১৯

এখন বাজারে

বইটির বৈশিষ্ট্য

- ২০১৮ সালে অনুষ্ঠিত বিভিন্ন নিয়োগ পরীক্ষার প্রশ্ন সমাধান।
- গণিত অংশের সমাধান সম্বলিত।
- সর্বশেষ আপডেট ব্যাখ্যা ও Note সম্বলিত।

দিকদর্শন প্রকাশনী লিঃ
৩৮ বাংলাবাজার, মনিরুজ্জামান মার্কেট (৩য় তলা), ঢাকা-১১০০
Dikdarshan Prokashoni Ltd.

ব্র্যাক ডেইরি এন্ড ফুড প্রজেক্টে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.ব্র্যাঞ্চ সেলস ম্যানেজার	স্নাতক। সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণী অথবা সমমান ফলাফল গ্রহণযোগ্য। ভোগ্যপণ্য বিক্রয়ে ৩ বছরের অভিজ্ঞতা ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা আবশ্যক। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।
২.সেলস সুপারভাইজার	স্নাতক। সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণী অথবা সমমান ফলাফল গ্রহণযোগ্য (বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার)। ভোগ্যপণ্য বিক্রয়ে ৩ বছরের অভিজ্ঞতা ও কম্পিউটার পরিচালনায় দক্ষ। বয়স সর্বোচ্চ ৩৫ বছর
৩.ডিস্ট্রিবিউশন ইনচার্জ	স্নাতক। সকল পরীক্ষায় ন্যূনতম দ্বিতীয় বিভাগ/ শ্রেণী অথবা সমমান ফলাফল গ্রহণযোগ্য (বাণিজ্য বিভাগে স্নাতক ডিগ্রীধারীদের অগ্রাধিকার দেয়া হবে)। স্টক ম্যানেজমেন্ট/ ডিস্ট্রিবিউশনে ২ বছরের অভিজ্ঞতা ও কম্পিউটার পরিচালনায় দক্ষতা আবশ্যক। বয়স সর্বোচ্চ ৩২ বছর
৪.সেলস রিপ্রেজেন্টেটিভ বেতনঃ ৯৭৩৩/-	এইচএসসি। ভোগ্যপণ্য বিক্রয়ে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার দেয়া হবে। বয়স সর্বোচ্চ ৩০ বছর

আগ্রহী প্রার্থীদের আগামী ১৫ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের মধ্যে মোবাইল নম্বর উল্লেখপূর্বক জীবনবৃত্তান্ত, সকল প্রাতিষ্ঠানিক শিক্ষা, অভিজ্ঞতার সনদপত্র ও জাতীয় পরিচয় পত্রের ফটোকপি এবং সম্প্রতি তোলা দুই কপি পাসপোর্ট সাইজের রঙিন ছবিসহ ব্র্যাক মানবসম্পদ বিভাগ, ব্র্যাক সেন্টার (৫ম তলা), ৭৫ মহাখালী, ঢাকা-১২১২ ঠিকানায় আবেদন করতে হবে। আবেদনপত্র ও খামের উপর আবেদনকৃত পদের নাম এবং EN-140119 উল্লেখ করতে হবে। ব্র্যাকের প্রাক্তন কর্মীদের ক্ষেত্রে জীবনবৃত্তান্তে পিন উল্লেখ করতে হবে। অভিজ্ঞ প্রার্থীদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়স শিথিলযোগ্য। **সূত্রঃ প্রথমআলো ২৫/১/১৯ইং (পৃঃ ৯)**

এ.জি.সি স্পিনিং মিলস এবং এস.এন স্পিনিং মিলস্ লিঃ এ চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.ম্যানেজার মেইনটেন্যান্স-১জন	বিএসসি/ ডিপ্লোমা ইন ইলেকট্রিক্যাল/ মেকানিক্যাল পাওয়ার স্পিনিং মিলে সংশ্লিষ্ট শাখা/ বিভাগে ন্যূনতম ১০ বছরের এবং সংশ্লিষ্ট পদে ন্যূনতম ৩-৪ বছরের কাজের বাস্তব অভিজ্ঞতা। মেইনটেন্যান্স বিভাগে যাবতীয় কাজ দায়িত্ব নিয়ে একক ভাবে করার অভিজ্ঞতা থাকতে হবে।
২.সহকারী ম্যানেজার এ্যাকাউন্টস (প্রধান কার্যালয়ের জন্য)-১জন	এম.কম/ এমবিএ, (এ্যাকাউন্টিং)। সহকারী ম্যানেজার (এ্যাকাউন্টস) পদে স্পিনিং/ টেক্সটাইল/ গার্মেন্টস শিল্প প্রতিষ্ঠানে কমপক্ষে ২-৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে
৩.কমার্শিয়াল অফিসার-১জন	স্নাতক। যেকোন স্পিনিং মিলে সংশ্লিষ্ট কাজে ২-৩ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৪.ড্রাইভার-২জন	অষ্টম শ্রেণী পাশ। বিআরটিএ লাইসেন্সধারী এবং ৮-১০ বছরের বাস্তব অভিজ্ঞতা।
৫.সিকিউরিটি গার্ড (হেড অফিস/ বাসা)-৪জন	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ। অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার ও আকর্ষনীয় বেতন

আগ্রহী প্রার্থীদেরকে খামের উপর প্রার্থিত পদের নাম উল্লেখ পূর্বক পূর্ণ জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্রের ফটো কপি এবং সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট সাইজের ছবি ও মোবাইল নম্বরসহ আগামী ৩/২/২০১৯ইং তারিখের মধ্যে সরাসরি/ ডাকযোগে বরাবর এজিএম (এইচআর এন্ড এ্যাডমিন), এজিসি স্পিনিং মিলস লিঃ, প্রধান কার্যালয় বাড়ী #৬৯, রোড # ১৭, ব্লক #সি, বনানী, ঢাকা-১২১৩ এই ঠিকানায় আবেদনপত্র প্রেরণ করার জন্য অনুরোধ করা হলো। বেতন ও ভাতাদি আলোচনা সাপেক্ষে। **সূত্রঃ প্রথমআলো ২৫/১/১৯ইং (পৃঃ ৯)**

নিরাপত্তা প্রহরী/সুপারভাইজার আবশ্যক

বিভিন্ন ব্যাংক ও প্রতিষ্ঠানে নিয়োগের জন্য নিরাপত্তা প্রহরী/সুপারভাইজার আবশ্যক। যোগ্যতাঃ এসএসসি, অভিজ্ঞদের ক্ষেত্রে অষ্টম শ্রেণী, বয়স ২০-৪৫ বছর, উচ্চতা ৫ফুট ৬ইঞ্চি। অবসর প্রাপ্ত সেনা/নৌ/পুলিশ/বিজিবি এবং আনসার বাহিনীর সদস্যদের অগ্রাধিকার। বেতন আলোচনা সাপেক্ষে। থাকার সু ব্যবস্থা কোম্পানীর। কোন জামানত রাখা হয় না। আগামী ০১/০২/২০১৯ থেকে ২০/০২/২০১৯ইং তারিখের মধ্যে নিম্ন ঠিকানায় জীবন বৃত্তান্ত, শিক্ষাগত যোগ্যতার সনদপত্র ও অন্যান্য কাগজ পত্রাদিসহ সরাসরি যোগাযোগ করুন। ঠিকানাঃ [illegible] সিকিউরিটি সার্ভিস, হাউজ-৫৭ (৩য় তলা), রোড-০৫, [illegible] বনানী (কাকলী) ঢাকা। মোবাইল: [illegible], ০১৭৭০-[illegible]

প্রাণ গ্রুপে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
সেলস রিপ্রেজেন্টেটিভ এবং সেলস এক্সিকিউটিভ (পুরুষ ও মহিলা)	স্নাতক/উচ্চ মাধ্যমিক পাশ, ন্যূনতম জিপিএ ২.০০ অথবা ২য় বিভাগ থাকতে হবে। বয়স ১৮-৩২ বছর। বিক্রয় বিভাগে ২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন। প্রার্থীদের ক্ষেত্রে এসএসসি পাশ ও প্রার্থীদের বয়স সর্বোচ্চ ৩৫ বছর পর্যন্ত গ্রহণযোগ্য। ন্যূনতম উচ্চতা: ৫ ফুট ৪ ইঞ্চি এবং মহিলা-৫ ফুট ১ ইঞ্চি।

প্রশিক্ষণের স্থানঃ ঢাকা, চট্টগ্রাম, সিলেট, মৌলভীবাজার ও নোয়াখালী। ২ দিন (শুধুমাত্র ঢাকার জন্য ফ্রি থাকা ও খাওয়ার ব্যবস্থা আছে)

পরীক্ষার স্থান ও তারিখ

প্রাণ এইচআরএম ডিপার্টমেন্ট, হোসেন সুপার মার্কেট (৭ম তলা), বীর উত্তম রফিকুল ইসলাম সরণি, উত্তর বাড্ডা, ঢাকা-১২১২	অভিজ্ঞ সেলস রিপ্রেজেন্টেটিভ	১, ৮, ১৫ ও ২২ ফেব্রুয়ারী
	অনভিজ্ঞ সেলস রিপ্রেজেন্টেটিভ	২, ৯, ১৬ ও ২৩ ফেব্রুয়ারী
	শোরুম সেলস এক্সিকিউটিভ	৫, ১২, ১৯ ও ২৬ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, জাহাঙ্গীর ভিলা, শহীদ কানিজ সড়ক (নিরাময় হাসপাতাল সংলগ্ন), ফরিদপুর	সেলস রিপ্রেজেন্টেটিভ	৫ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, প্রশান্তি ভিলা (২য় তলা), খুরুশকুল রাস্তার মাথা, কক্সবাজার	সেলস রিপ্রেজেন্টেটিভ	৬ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, এড. নজরুল ইসলাম কাসেম ভিলা, বাড়ি নং #১, ভেড়াডোমা (ব্রিজ সংলগ্ন), টাঙ্গাইল	সেলস রিপ্রেজেন্টেটিভ	১১ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, মফিজ প্লাজার পিছনে, প্রধান সড়ক, মাইজদী, নোয়াখালী	সেলস রিপ্রেজেন্টেটিভ	১২ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, জাহানারা ভিলা, বাড়ি #১১৭/১, ব্লক#জি, শাহজালাল উপশহর, সিলেট	সেলস রিপ্রেজেন্টেটিভ শোরুম সেলস এক্সিকিউটিভ	১৬ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, শের-ই বাংলা রোড, হাউস#৩৩৫, ময়লাপোতা, খুলনা	সেলস রিপ্রেজেন্টেটিভ	২০ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, ইউসুব ভবন, সিলেট রোড (অগ্রণী ব্যাংকের পাশে), মৌলভীবাজার	সেলস রিপ্রেজেন্টেটিভ	২৬ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, ইসাবেলা টাওয়ার, হালিশহর, চট্টগ্রাম	সেলস রিপ্রেজেন্টেটিভ	২৭ ফেব্রুয়ারী
প্রাণ সেলস অফিস, জামালপুর রোড, চাপাতলী, শেরপুর	সেলস রিপ্রেজেন্টেটিভ	২৮ ফেব্রুয়ারী

যোগ্য ও আগ্রহী প্রার্থীদের সদ্য তোলা পাসপোর্ট সাইজের ৪ কপি রঙিন ছবি, সকল পরীক্ষা পাশের মূল সনদ ও ফটোকপি, জাতীয় পরিচয়পত্রের ফটোকপি, অভিজ্ঞতার সনদ এবং জীবন বৃত্তান্তসহ উল্লিখিত ঠিকানায় সকাল ১০টায় উপস্থিত হয়ে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের জন্য অনুরোধ করা যাচ্ছে। প্রার্থীদেরকে লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণকালে জাতীয় পরিচয়পত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। শুধুমাত্র উভয় পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীরাই প্রশিক্ষণে অংশগ্রহণ করতে পারবেন। বিঃদ্রঃ অধ্যয়নরতদের আবেদন না করার জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো। **সূত্রঃ বাংলাদেশ প্রতিদিন ৩১/০১/২০১৯ইং (পৃঃ৭)**

Dhaka Insurance Ltd এ চাকরি

Post Name	Educational Qualification
1.Manager (Accounts)	B.Com/ M.com. Applicant should have minimum 10 years experience in Insurance Accounts, experienced in Budgeting & Taxation.
2.Manager (Underwriting)	Graduate/ Post Graduate. Applicant should have minimum 10 years experience in Under writing department of a leading General Insurance Company.
3.Manager (Re-Insurance & Claims)	Graduate/ Post Graduate. Applicant should have minimum 10 years experience in Re-insurance & Claims department of a leading General Insurance Company. Excellent communication skill is necessary.
4.Manager (Information Technology)	B.Sc in Computer Science. Applicant should minimum 10 years experience in software & Hardware related job in large & reputed companies.

If you are confident please send application within 14th February, 2019. addressed to the managing director, Dhaka Insurance ltd. Dhaka Insurance Bhaban, 71, Purana paltan Line, Dhaka-1000, along with your CV, Photocopy of National ID Card Purana Paltan Line, Dhaka-1000, along with your C.V, Photocopy of National ID card and two copies of passport size photograph, Please mark the position over the envelope. Source: Ittefaq 30/01/2019 (Page: 6)

তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগে চাকরি

১ম পাতার পর

কুমিল্লা, চাঁদপুর, নোয়াখালী, মাদারীপুর, ময়মনসিংহ, শরীয়তপুর, রাজশাহী, যশোর, গোপালগঞ্জ, পিরোজপুর, টাঙ্গাইল, কুড়িগ্রাম, গাইবান্ধা, সিরাজগঞ্জ, সাতক্ষীরা জেলার প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নেই।

পরীক্ষায় অংশগ্রহণের জন্য ইচ্ছুক প্রার্থীগণ http://bhtpa.teletalk.com.bd অথবা www.bhtpa.gov.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ। অনলাইন এ আবেদনপত্র পূরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখঃ ৪/০২/২০১৯ সকাল ১০.০০টা। অনলাইন এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময়ঃ ৫/০৩/২০১৯ রাত ১২:০০টা। পরিচালক (অর্থ ও প্রশাসন), বাংলাদেশ হাই টেক পার্ক কর্তৃপক্ষ। **সূত্রঃ যুগান্তর ৩১/১/২০১৯ইং (পৃঃ ৭)**

কাজী ফার্মস্ গ্রুপে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সহকারী অপারেটর-সুইং	ন্যূনতম অষ্টম শ্রেণী পাশ। ফিড ব্যাগ সেলাই কাজে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
২.সহকারী অপারেটর-ডায়ার এন্ড সাইলো	ন্যূনতম এসএসসি/সমমান। সংশ্লিষ্ট কাজে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে
৩.সহকারী অপারেটর-এক্সট্রুডার	ন্যূনতম এসএসসি/ সমমান, মেকানিক্যাল ট্রেড কোর্স সম্পন্নকারীদের অগ্রাধিকার দেয়া হবে। এক্সট্রুডার অপারেটর হিসেবে ১/২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৪.হেলপার-কন্ট্রোলরুম	ন্যূনতম এসএসসি/ সমমান। সংশ্লিষ্ট কাজে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।
৫.সুপারভাইজার-ব্যাগিং	ন্যূনতম এইচএসসি/সমমান। সুপারভাইজার হিসেবে ১ বছরের বাস্তব অভিজ্ঞতা
৬.সুপারভাইজার-সাইলো	এইচএসসি/এসএসসি। সুপারভাইজার হিসেবে ১/২ বছরের বাস্তব অভিজ্ঞতা
৮.মেকানিক-সুইং মেশিন	ন্যূনতম অষ্টম শ্রেণী (এসএসসি)/ ভোকেশনালদের অগ্রাধিকার দেয়া হবে। গার্মেন্টস সেক্টরে সুইং মেশিন রক্ষণাবেক্ষনে ৩/৪ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে

বেতন আলোচনা সাপেক্ষে। বয়স ১৮-৩৫ বছর। আগ্রহী প্রার্থীদেরকে পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত ও ২ কপি সদ্য তোলা পাসপোর্ট সাইজের ছবিসহ আগামী ০৩/০২/২০১৯ইং তারিখের মধ্যে নিম্নলিখিত ঠিকানায় আবেদনপত্র পাঠাতে অনুরোধ করা যাচ্ছে। মানব সম্পদ বিভাগ, কাজী ফার্মস লিমিটেড, বাড়ি নং-৩৫, রোড নং-২, ধানমন্ডি, ঢাকা-১২০৫। অথবা ই-মেইলঃ jobs@kazifarms.com. ডাকযোগে প্রেরিত আবেদনের ক্ষেত্রে খামের উপর পদের নাম এবং ই-মেইল এ আবেদনের ক্ষেত্রে সাবজেক্ট লাইন এ পদের নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

সূত্রঃ বাংলাদেশ প্রতিদিন ২৩/১/২০১৯ইং (পৃঃ ৯)

পরিবেশ অধিদপ্তরে চাকরি

পদ সংখ্যা-৬৪ জন

নং-২২.০২.০০০০.০০৭.১১.৪৮১.১৬-৩৫ তারিখঃ ১৭.০১.১৯খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর-৭জন বেতনঃ ১১০০০-২৬৫৯০/-	উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং বাংলা ও ইংরেজি টাইপিং এ মিনিটে বাংলায় সর্বনিম্ন ২৫ ও ইংরেজিতে সর্বনিম্ন ৩০ শব্দের গতি সম্পন্ন।
২.গবেষণাগার সহকারী-৫জন বেতনঃ ৯৭০০-২৩৪৯০/-	বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট ও উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষায় বা উহাদের সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ।
৩.অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-২জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক বা সমমানের শিক্ষাগত যোগ্যতা এবং বাংলা ও ইংরেজি টাইপিং এ মিনিটে বাংলায় সর্বনিম্ন ২০ ও ইংরেজি টাইপিং এ সর্বনিম্ন ২০ শব্দের গতি সম্পন্ন।
৪.নমুনা সংগ্রহকারী-৮জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	বিজ্ঞান বিভাগে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ।
৫.স্টোর কিপার-৪জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট (বাণিজ্য) বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
৬.গাড়ীচালক-৩জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	অষ্টম শ্রেণী পাসসহ হালকা ও ভারী মোটরযান চালানোর বৈধ লাইসেন্স।
৭.ল্যাবরেটরী এ্যাটেনডেন্ট-১৯ জন বেতনঃ ৮৫০০-২০৫৭০/-	বিজ্ঞান বিভাগে মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
৮.অফিস সহায়ক-১৬জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	অনূন অষ্টম শ্রেণী পাশ এবং অবশ্যই শারীরিক যোগ্যতা থাকতে হবে।

১। প্রার্থীর বয়স ২৪.০২.২০১৯ তারিখে ১৮-৩০ বৎসর। এফিডেভিট গ্রহণযোগ্য নয়। মুক্তিযোদ্ধা ও মুক্তিযোদ্ধাদের সন্তানদের, শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা সর্বোচ্চ ৩২ বৎসর, মুক্তিযোদ্ধাদের নাতি-নাতনীদের ক্ষেত্রে সর্বোচ্চ ৩০ বৎসর (২) নিয়োগের ক্ষেত্রে সরকারের বিদ্যমান বিধি বিধান ও সর্বশেষ কোটানীতি অনুসরণ করা হবে। (৩) লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের মৌখিক পরীক্ষার সময় নিম্নবর্ণিত কাগজপত্রাদির মূলকপি প্রদর্শন করতে হবে এবং গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত অনুলিপি জমা দিতে হবেঃ (ক) শিক্ষাগত যোগ্যতা সম্পর্কিত সকল প্রকার মূল/ সাময়িক সনদপত্র, অভিজ্ঞতা (প্রযোজ্য ক্ষেত্রে) সনদের সত্যায়িত কপি (খ) জাতীয় পরিচয়পত্র/ জন্ম নিবন্ধন সনদপত্রের সত্যায়িত কপি (গ) নাগরিকত্ব সনদপত্র (ঘ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (ঙ) মুক্তিযোদ্ধা কোটার আবেদনকারীদের ক্ষেত্রে সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত পিতা/মাতা/পিতামহ/পিতামহী/মাতামহ/ মাতামহীর মুক্তিযোদ্ধা সনদপত্রের সত্যায়িত কপিসহ সংশ্লিষ্ট প্রমাণক। (চ) মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র। (ছ) এতিম নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী, উপজাতি এবং আনসার ও গ্রাম প্রতিরক্ষা কোটায় আবেদনকারীদের ক্ষেত্রে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্র। (জ) কর্মরত প্রার্থীদের ক্ষেত্রে নিয়োগকারী কর্তৃপক্ষ প্রদত্ত ছাড়পত্রের সত্যায়িত কপি জমা দিতে হবে। (৪) যে সকল প্রার্থীর জাতীয় পরিচয়পত্র নম্বর রয়েছে সে সকল প্রার্থী অনলাইন আবেদনপত্রের নির্ধারিত স্থানে এনআইডি নম্বর উল্লেখ করবেন। যে সকল প্রার্থীর এনআইডি নম্বর নেই সে সকল প্রার্থী এনআইডি প্রাপ্তির পর সত্যায়িত কপি জমা দিবেন। (৫) কোন প্রার্থী একাধিক পদে আবেদন করতে পারবেন না। (৬) আবেদন পূরণ সংক্রান্ত নিয়মাবলীঃ ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://doe.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৪.০২.২০১৯ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাই সর্বোচ্চ 60KB হতে হবে (গ) প্রার্থী Online এ পূরণকৃ আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনে সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন (ঘ) SMS প্রেরণের নিয়মাবলী পরীক্ষার ফি প্রদানঃ Online এ আবেদনপত্র (Application Form যথাযথভাবে পূরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature uploa করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিস Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপ Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযু একটি Application copy পাবেন। উক্ত Applicant's copy প্রা প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants কপি একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার ক প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্ব মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৬ প জন্য ১১২/- টাকা এবং ৭-৮ পদের জন্য ৫৬/- টাকা অনধিক ৭২ ঘ মধ্যে জমা দিবেন। Online এ পূরণকৃত আবেদনপত্রের সকল অংশ পূ করে সাবমিট করা হলেও পরীক্ষার ফি জমা না দেয়া পর্যন্ত Onli আবেদনপত্র কোন অবস্থাতেই গৃহীত হবে না। প্রথম SM DOE<space>User ID লিখে send করতে হবে 16222 নম্ব Esample: DOE ABCDEF, Reply: Applicant's Nam TK. 112/56.00 will be charged as application f Your PIN is 12345678. To pay fee Ty DOE<space>yes<space>PIN and send to 16222. দ্বি SMS: DOE<space>YES<space>PIN লিখে send ক হবে 16222 নম্বরে। Example: DOE YES 123456 Reply: Congratulations Applicant's Name, Paym completed successfully for DOE Application xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) Password (xxxxxxxx). (ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি htt doe.teletalk.com.bd অথবা DOE Website: ww doe.gov.bd এ এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদন প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ স করা হবে বিধায় নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস চেক করা প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। (চ) SMS প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও কেন্দ্রের নাম ই তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নি লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরী সময় প্রদর্শন করতে হবে। (ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ U ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। i. User জানা থাকলে DOE<space>Help<space>User<spa User ID & Send to 16222. Example: DOE HE USER ABCDEF and Send to 16222 ii. PIN Num জানা থাকলে DOE<space>Help<space>PIN<space> No & send to 16222. Example: DOE HELP 12345678 Send to 16222। প্রার্থীকে অনলাইন আবেদন [illegible] অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, প্রার্থী আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। উপ-পরি (প্রশাসন)। **সূত্রঃ ইত্তেফাক ৩১/১/২০১৯ইং (পৃঃ ৫)**

Eskayef Pharmaceuticals Ltd এ চাকরি

Post Name	Educational Qualification
Medical Information Officer	Graduate/ Masters in any discipline with science background up to SSC Level. Age not exceeding 30 years.

If you think you are the right person we are looking for, you are invited to come over for a Walk-In-Interview at the following addresses with a hand written application, a recent passport size colored photograph and a biodata.

Dhaka: 2, 3 February 2019, Level-2, 158 Kemal Ataturk Avenue, Block-E, Banani, Dhaka-1213. Time: 10am to 1:30pm, www.skfbd.com.

Source: Prothomalo 25.1.2019, (Page: 8)

নৌবাহিনীতে চাকরি

১ম পাতার পর

১। বয়সসীমা ২৮/০২/২০১৯ তারিখে ক্রমিক নং ১ পদের ক্ষেত্রে ৩৫ বছর, ২-৪ নং পদের ক্ষেত্রে ৩০ বছর। ২-৪ নং পদের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩২ বছর এবং মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যার সন্তানদের বয়সসীমা ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। (২) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৩) প্রার্থীকে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নবর্ণিত সনদ/ কাগজপত্রের এক সেট ছায়ালিপি দাখিল করতে হবে। (ক) পাসপোর্ট সাইজের ৩ কপি ছবিসহ সকল শিক্ষা সনদ (খ) জেলার স্থায়ী বাসিন্দার প্রমাণক হিসেবে সনদ (গ) আবেদনকারী মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক ইস্যুকৃত সনদ (ঘ) শারীরিক প্রতিবন্ধী হলে সমাজ সেবা অধিদপ্তর হতে শারীরিক প্রতিবন্ধী সনদপত্র আবেদনপত্রের সঙ্গে দাখিল করতে হবে। (৪) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৫) নির্ধারিত আবেদন ফরম বাংলাদেশ নৌবাহিনীর নিজস্ব ওয়েবসাইট www.navy.mil.bd এ পাওয়া যাবে। (৬) আগ্রহী প্রার্থীগণকে আগামী ২৮/০২/২০১৯ তারিখের মধ্যে পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, বনানী, ঢাকা-১২১৩ ঠিকানায় ডাকযোগে প্রেরণ করতে হবে। (৭) পরিচালক, বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর, এর অনুকূলে (সঞ্চয়ী হিসাব নং-০১২১৪৩৪০০৩৮৭২, সোনালী ব্যাংক, নৌসদর শাখা, বনানী, ঢাকা-১২১৩) প্রত্যেক পদের জন্য ৭০০/- টাকা মূল্যের ব্যাংক ড্রাফট অথবা পে-অর্ডার প্রদান করতে হবে। (৮) আবেদনপত্র প্রেরণের জন্য ব্যবহৃত খামের উপর পদের নাম স্পষ্টভাবে উল্লেখ করতে হবে। (৯) আবেদনপত্রের সাথে আবেদনকারীর বর্তমান ঠিকানা লিখিত (যে ঠিকানায় পত্রালাপ করা হবে) ২৩ সেঃমিঃ x১১সে.মি. মাপের দুটি খাম অবশ্যই সংযুক্ত করতে হবে, যার মধ্যে একটি খামে ৬/- টাকার ডাকটিকেট লাগানো থাকতে হবে। পরিচালক (চলতি দায়িত্ব), বেসামরিক কর্মচারী পরিদপ্তর, নৌবাহিনী সদর দপ্তর।

সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ৩০.১.১৯ইং (পৃঃ ৬)

বাংলাদেশ নির্বাচন কমিশনে চাকরি

১ম পাতার পর

৭.অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়]-৯৭ জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত হতে হবে। কম্পিউটারে ওয়ার্ড প্রসেসিং সহ ইমেইল ও ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। প্রার্থীকে অবশ্যই কম্পিউটার মুদ্রাক্ষরে মিনিটে বাংলা ২০ ও ইংরেজীতে ২০ শব্দের গতি সম্পন্ন হতে হবে। বিভাগীয় প্রার্থীদের ক্ষেত্রে বয়সসীমা ৩৫ বৎসর পর্যন্ত শিথিলযোগ্য।
৮.অফিস সহায়ক [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়]-১১৪ জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	মাধ্যমিক স্কুল সার্টিফিকেট বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
৯.নিরাপত্তা প্রহরী [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়]-৯ জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ
১০.পরিচ্ছন্নতাকর্মী (ঝাড়ুদার) [নির্বাচন কমিশন সচিবালয় ও মাঠ পর্যায়ের কার্যালয়]-৮ জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	জুনিয়র স্কুল সার্টিফিকেট বা অষ্টম শ্রেণী বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ

যে সকল জেলার অধিবাসীগণ আবেদন করতে পারবেনঃ ক্রমিক নং ১-৭ পদের জন্য সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। ক্রমিক নং ৮-১০ পদের জন্য ঢাকা, গাজীপুর, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, ফরিদপুর, শরিয়তপুর, টাংগাইল, ময়মনসিংহ, চট্টগ্রাম, কক্সবাজার, কুমিল্লা, ফেনী, লক্ষীপুর, নোয়াখালী, রাজশাহী, সিরাজগঞ্জ, নাটোর, চাঁপাই নবাবগঞ্জ, বগুড়া, রংপুর, গাইবান্ধা, কুড়িগ্রাম, লালমনিরহাট, নীলফামারী, ঠাকুরগাঁও, খুলনা, ঝিনাইদহ, মাগুরা, সাতক্ষীরা, চুয়াডাঙ্গা, মেহেরপুর, ভোলা, সিলেট, মৌলভীবাজার, সুনামগঞ্জ। তবে, সকল জেলার এতিম ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১। ১/০২/২০১৯ তারিখে প্রার্থীর বয়স ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে প্রতিবন্ধী, মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। এফিডেভিট গ্রহণযোগ্য হবে না। (২) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে এবং মৌখিক পরীক্ষার সময় অনাপত্তিপত্র দাখিল করতে হবে। (৩) নিয়োগের ক্ষেত্রে সরকারি বিধি বিধান ও কোটা অনুসরণ করা হবে। (৪) মৌখিক পরীক্ষার সময় জাতীয় পরিচয়পত্রের মূলকপিসহ সকল শিক্ষাগত যোগ্যতা, বিশেষ কোটা ও প্রশিক্ষণ [প্রযোজ্য ক্ষেত্রে] সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। এছাড়া জেলার স্থায়ী বাসিন্দা সনদপত্র এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের মূলকপি প্রদর্শন করতে হবে। (৫) মৌখিক পরীক্ষার সময় অনলাইনে পূরণকৃত আবেদন ফরম সহ জাতীয় পরিচয়পত্র, সকল শিক্ষাগত যোগ্যতা, বিশেষ কোটা ও প্রশিক্ষণ [প্রযোজ্য ক্ষেত্রে] সনদপত্রের ১ সেট সত্যায়িত ফটোকপি দাখিল করতে হবে।' এছাড়া জেলার স্থায়ী বাসিন্দার প্রমান হিসেবে উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ এবং মুক্তিযোদ্ধার সাথে সম্পর্ক প্রমাণক উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদের ১ সেট সত্যায়িত ফটোকপিও দাখিল করতে হবে। (৬) আবেদন ফরম পুরণ সংক্রান্ত নিয়মাবলিঃ ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://ecs.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র পুরণ ও পরীক্ষার ফি জমাদান শুরুর তারিখ ও সময় ৫.০২.২০১৯ সকাল ১০.০০ টা (ii) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৫.০২.২০১৯ বিকাল ৫:০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। ছবির সাইজ সর্বোচ্চ 100KB ও স্বাক্ষরের সাইজ সর্বোচ্চ 60KB হতে হবে (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি রঙিন প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন (ঘ) SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online এ আবেদনপত্র যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ক্রমিক নং ১-৭ পদের জন্য ১১২/- টাকা এবং ৮-১০ পদের জন্য ৫৬/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: ECS<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: ECS ABCDEF, Reply: Applicant's Name, TK......... will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type ECS<space>yes<space>PIN and send to 16222. দ্বিতীয় SMS: ECS<space>YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: ECS YES 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for ECS Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx). (ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://ecs.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধান নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস রিড করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। (চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় সময় প্রদর্শন করতে হবে। (ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। i. User ID জানা থাকলে ECS <space>Help <space>User<space>User ID & Send to 16222. Example: ECS HELP USER ABCDEF and Send to 16222 ii. PIN Number জানা থাকলে ECS <space>Help <space>PIN<space>PIN No & send to 16222. Example: ECS HELP PIN 12345678 Send to 16222। উপসচিব (জ.বা) ও সদস্য সচিব, বিভাগীয় নির্বাচন কমিটি।

সূত্রঃ ইত্তেফাক ৩০/১/২০১৯ইং (পৃঃ ৬)

বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনে চাকরি

স্মারক নং-৪৩.২৮,০০০০.১১১.১১.৪২৬.১৯.৫৭৬ তারিখঃ ২৭.০১.১৯খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
অফিস সহায়ক/ এমএলএসএস-১জন বেতনঃ ৮২৫০-২০০১০/-	৮ম শ্রেণী পাস। বয়স ১৮-৩০ বছর।

যে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন নাঃ নারায়নগঞ্জ, ব্রাহ্মণবাড়িয়া, মানিকগঞ্জ, রংপুর, নীলফামারী, ঝিনাইদহ, পিরোজপুর, গাজীপুর, রাজশাহী, নরসিংদী, কুমিল্লা, নাটোর, ঠাকুরগাঁও ও ময়মনসিংহ। * মুক্তিযোদ্ধা ও প্রতিবন্ধীদের ক্ষেত্রে সকল জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন।

১। নির্ধারিত চাকরির আবেদন ফরমে আগামী ২৪.০২.২০১৯ তারিখের মধ্যে আবেদনপত্র অবশ্যই ডাকযোগে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন, ডাকঘরঃ আমিনপুর, উপজেলাঃ সোনারগাঁ, জেলাঃ নারায়নগঞ্জ এই ঠিকানায় পৌছাতে হবে। ফরমটি www.mopa.gov.bd অথবা www.sonargaonmuseum.gov.bd থেকে আবেদন ফরম ডাউনলোড করে আবেদন করতে হবে। (২) বয়স ২৪.০২.২০১৯ তারিখে ১৮-৩০ বছর। তবে মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা এবং শারীরিক প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ৩২ বছর। (৩) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে। (৪) সরকার নির্ধারিত বিশেষ কোটায় (মুক্তিযোদ্ধা, মহিলা, ক্ষুদ্র-নৃগোষ্ঠী, আনসার ও ভিডিপি, প্রতিবন্ধী) চাকুরি প্রার্থীকে ঐ কোটায় চাকুরীর যোগ্যতা সংক্রান্ত সরকারের সর্বশেষ নির্দেশনা মোতাবেক সনদপত্র অথবা সংশ্লিষ্ট কাগজপত্র আবেদনপত্রের সঙ্গে জমা প্রদান করতে হবে। (৫) প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে যে কোন তফসিলি ব্যাংক থেকে পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশনের অনুকূলে ৫০.০০ টাকার পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট সংযুক্ত করতে হবে। (৬) প্রার্থীকে আবেদনপত্রের খামের ওপর বর্ণিত পদের নাম ও নিজ জেলার নাম আলাদাভাবে উল্লেখ করতে হবে। (৭) আবেদনকারী নির্বাচনী পরীক্ষায় অংশগ্রহণের জন্য যে ঠিকানায় প্রবেশপত্র/ সাক্ষাৎকারপত্র পেতে চান সে ঠিকানা সংবলিত ১২ টাকা মূল্যমানের ডাক টিকেটসহ একটি ফেরত খাম আবেদনপত্রের সঙ্গে সংযুক্ত করতে হবে। (৮) প্রার্থীকে সাক্ষাৎকারের সময় সব সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে। পরিচালক, বাংলাদেশ লোক ও কারুশিল্প ফাউন্ডেশন। সূত্রঃ সমকাল ২৮/১/১৯ইং (পৃঃ ৫)

Delta Pharma Ltd এ চাকরি

Post Name	Educational Qualification
Medical Promotion Officer	Minimum Bachelor degree with science upto SSC (without science consider for chittagong, Noakhali & Sylhet). Age not exceeding 30 years for fresh MPO. Age not exceeding 35 years for experienced MPO.

Interested candidates are invited to attend a Walk-In-Interview on 2nd, 3rd & 4th February 2019 from 10:00 AM to 1:00PM along with Resume, two recent passport size color photographs, National ID Card & all academic certificates (original & Photocopy) at our corporate office, at Delta Pharma Ltd, House#501, Road #34, New DOHS, Mohakhali, Dhaka-1206.

Source: Bangladesh Protidin 25.1.19 (Page: 7)

শিল্প মন্ত্রণালয়ে চাকরি

১ম পাতার পর

৩.অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর-২জন বেতনঃ ৯৩০০-২২৪৯০/-	উচ্চ মাধ্যমিক বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণসহ কম্পিউটার পরিচালনায় জ্ঞান থাকতে হবে। কম্পিউটার ব্যবহার সংক্রান্ত ওয়ার্ড প্রসেসিং, ডাটা এন্ট্রি ও টাইপিং এ মিনিটে সর্বনিম্ন গতি বাংলায় ২০ শব্দ ও ইংরেজীতে ২০ শব্দ থাকতে হবে।

১। বয়স ২৮/০২/২০১৯খ্রি. তারিখে ১৮-৩০ বছর। মুক্তিযোদ্ধা/ শহীদ মুক্তিযোদ্ধার পুত্র-কন্যার এবং শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের ক্ষেত্রে ১৮-৩২ বছর। তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার নাতি-নাতনীদের ক্ষেত্রে ১৮-৩০ বছর। এফিডেভিট গ্রহণযোগ্য নয়। (২) মৌখিক পরীক্ষার সময় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে এবং সকল সনদপত্রের সত্যায়িত ছায়ালিপি দাখিল করতে হবে। (৩) সর্বশেষ সরকারি আদেশ মোতাবেক কোটা পদ্ধতি অনুসরণ করা হবে। (৪) জেলার স্থায়ী বাসিন্দা প্রমাণের সনদ হিসেবে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদ দাখিল করতে হবে। (৫) কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা হিসেবে বিবেচিত হবে। (৬) আবেদন ফরম পুরণ সংক্রান্ত নিয়মাবলিঃ ক. পরীক্ষা অংশগ্রহণে ইচ্ছুক প্রার্থীগণ http://bab.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পুরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নির্ধারণঃ (i) Online এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় ২৮.০২.২০১৯ বিকাল ৫.০০ টা পর্যন্ত। উক্ত সময়সীমার মধ্যে User ID প্রাপ্ত প্রার্থীগণ Online এ আবেদনপত্র Submit এর সময় থেকে পরবর্তী ৭২ ঘন্টার মধ্যে এসএমএস ও পরীক্ষার ফি জমা দিতে পারবেন। (খ) Online আবেদনপত্রে প্রার্থী তার রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৩০০) Pixel ও স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০×প্রস্থ ৮০) Pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন। (গ) প্রার্থী Online এ পূরণকৃত আবেদনপত্রের একটি প্রিন্ট কপি পরীক্ষা সংক্রান্ত যে কোন প্রয়োজনের সহায়ক হিসেবে সংরক্ষণ করবেন (ঘ) SMS প্রেরনের নিয়মাবলী ও পরীক্ষার ফি প্রদানঃ Online এ আবেদনপত্র (Application Form) যথাযথভাবে পুরণ করে নির্দেশনা মতে ছবি এবং Signature upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবিসহ Application Preview দেখা যাবে। নির্ভুলভাবে আবেদনপত্র Submit করা সম্পন্ন প্রার্থী একটি User ID, ছবি এবং স্বাক্ষরযুক্ত একটি Application copy পাবেন। উক্ত Applicant's copy প্রার্থী প্রিন্ট অথবা download করে সংরক্ষণ করবেন। Applicants কপিতে একটি User ID নম্বর দেয়া থাকবে এবং User ID নম্বর ব্যবহার করে প্রার্থী নিম্নোক্ত পদ্ধতিতে যে কোন টেলিটক প্রিপেইড মোবাইল নম্বরের মাধ্যমে ২টি এসএমএস করে পরীক্ষার ফি বাবদ ১নং পদের জন্য ৫০০/- এবং ২ ও ৩নং পদের জন্য ১৫০/- টাকা অনধিক ৭২ ঘন্টার মধ্যে জমা দিবেন। প্রথম SMS: BAB<space>User ID লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: BAB ABCDEF, Reply: Applicant's Name, TK. ...will be charged as application fee. Your PIN is 12345678. To pay fee Type BAB <space>yes<space> PIN and send to 16222. দ্বিতীয় SMS: BAB<space> YES<space>PIN লিখে send করতে হবে 16222 নম্বরে। Example: BAB YES 12345678 Reply: Congratulations Applicant's Name, Payment completed successfully for BAB Application for xxxxxxxxxxxxxx User ID is (ABCDEF) and Password (xxxxxxxx). (ঙ) প্রবেশপত্র প্রাপ্তির বিষয়টি http://bab.teletalk.com.bd এবং প্রার্থীর মোবাইল ফোনে SMS এর মাধ্যমে (শুধু যোগ্য প্রার্থীদেরকে) যথাসময়ে জানানো হবে। Online আবেদনপত্রে প্রার্থীর প্রদত্ত মোবাইল ফোনে পরীক্ষা সংক্রান্ত যাবতীয় যোগাযোগ সম্পন্ন করা হবে বিধান নম্বরটি সার্বক্ষণিক সচল রাখা, এসএমএস রিড করা এবং প্রাপ্ত নির্দেশনা তাৎক্ষণিকভাবে অনুসরণ করা বাঞ্ছনীয়। (চ) SMS এ প্রেরিত User ID এবং Password ব্যবহার করে পরবর্তীতে রোল নম্বর, পদের নাম, ছবি, পরীক্ষার তারিখ, সময় ও ভেন্যুর নাম ইত্যাদি তথ্য সম্বলিত প্রবেশপত্র প্রার্থী Download পূর্বক প্রিন্ট করে নিবেন। লিখিত পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদের অবশ্যই এই প্রবেশপত্র মৌখিক পরীক্ষায় সময় প্রদর্শন করতে হবে। (ছ) শুধু টেলিটক প্রি-পেইড মোবাইল ফোন থেকে প্রার্থীগণ নিম্নবর্ণিত SMS পদ্ধতি অনুসরণ করে নিজ নিজ User ID, Serial এবং PIN পুনরুদ্ধার করতে পারবেন। i. User ID জানা থাকলে BAB <space>Help <space>User<space>User ID & Send to 16222. Example: BAB HELP USER ABCDEF and Send to 16222 ii. PIN Number জানা থাকলে BAB<space>Help <space>PIN<space>PIN No & send to 16222. Example: BAB HELP PIN 12345678 Send to 16222। মহাপরিচালক (অতিরিক্ত সচিব)। www.bab.org.bd পাওয়া যাবে।

সূত্রঃ কালেরকণ্ঠ ২৭/১/১৯ইং (পৃঃ ৭)

চা বোর্ডে চাকরি

১ম পাতার পর

ফরমের নির্ধারিত স্থানে সংযুক্ত করতে হবে (খ) সচিব, বাংলাদেশ চা বোর্ড, চট্টগ্রাম এর অনুকূলে ১নং ক্রমিকের পদের জন্য ৫০০/- টাকা এবং ২-৪নং পদের জন্য ১০০/- টাকা মূল্যমানের ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে। ব্যাংক ড্রাফট/পে-অর্ডার এর নম্বর ও তারিখ এবং তা ইস্যুকৃত ব্যাংকে শাখার নাম আবেদন ফরমে উল্লেখ করতে হবে। (৩) নিয়োগের ক্ষেত্রে কোটা সংরক্ষণ সংক্রান্ত সরকারী নীতিমালা যথাযথভাবে অনুসরণ করা হবে। (৪) ১নং ক্রমিকের পদে সকল জেলার প্রার্থীগণ এবং ২-৪নং পদসমূহে ঢাকা, গাজীপুর, মানিকগঞ্জ, মুন্সিগঞ্জ, নারায়নগঞ্জ, শরিয়তপুর, জামালপুর, নেত্রকোনা, টাঙ্গাইল, চট্টগ্রাম, নওগাঁ, চাঁপাইনবাবগঞ্জ, নাটোর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, রংপুর, কুড়িগ্রাম, পাবনা, সিরাজগঞ্জ, খুলনা, সাতক্ষীরা, যশোর, মাগুরা, কুষ্টিয়া, চুয়াডাঙ্গা ও মেহেরপুর জেলার প্রার্থীগণ আবেদন করতে পারবেন। (৫) প্রার্থীদের বয়স ২৭/০২/২০১৯ তারিখ পর্যন্ত ১৮-৩০ বছর হতে হবে তবে মহিলা, মুক্তিযোদ্ধা ও ক্ষুদ্র নৃগোষ্ঠী প্রার্থীদের নিয়োগের ক্ষেত্রে সরকার নির্ধারিত সর্বোচ্চ বয়সসীমা প্রযোজ্য হবে। (৬) মৌখিক পরীক্ষার সময় আবেদনের উল্লিখিত সকল কাগজপত্রের মূলকপি সঙ্গে আনতে হবে এবং সকল শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা (যদি থাকে) এর কপি, গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র, নাগরিকত্ব সার্টিফিকেট এর কপি, জাতীয় পরিচয়পত্র অথবা জন্ম নিবন্ধন সনদপত্র এর কপি ও সকল সনদপত্র ও কাগজপত্রের কপি সত্যায়িত করে জমা দিতে হবে। (৭) বিদেশী বিশ্ববিদ্যালয় হতে অর্জিত ডিগ্রীর ক্ষেত্রে বাংলাদেশ বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন হতে ইস্যুকৃত সমমান সার্টিফিকেট জমা দিতে হবে। (৮) মুক্তিযোদ্ধা কোটা দাবীর ক্ষেত্রে প্রধানমন্ত্রীর কার্যালয়ের পত্র সংখ্যা ০৩.০৭৭.০১.০৪৬.০০.০৪.২০১০-৩৫৬, তারিখ ৭-১১-২০১০ মোতাবেক প্রত্যয়নপত্র জমা দিতে হবে। (৯) চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে (১০) প্রার্থী যে পদের জন্য আবেদন করবেন সে পদের নাম উল্লেখ করতে হবে। (১২) আবেদনকারীর নাম ও আবেদনপত্রে উল্লিখিত বর্তমান ঠিকানা লিপিবদ্ধ করে ১০/- টাকার ডাকটিকেট সম্বলিত ১০´x৪.৫´ মাপের একটি ফেরত খাম আবেদনের সঙ্গে প্রেরণ করতে হবে। যে কোন প্রকার তদবির/ সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। অস্থায়ীভাবে নিয়োগ হবে

সূত্রঃ ইত্তেফাক ৩০/১/১৯ইং (পৃঃ ৪)

ডিজেল প্ল্যান্ট লিমিটেডে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.সহকারী প্রকৌশলী (মেটালার্জিক্যাল)-১জন বেতনঃ ২২০০০-৫৩০৬০/-	বিএসসি ইঞ্জিনিয়ারিং (মেটালার্জিক্যাল) ডিগ্রীধারী। বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন। শীট মেটাল এবং কাস্টিং এর কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে।
২.উপ-সহকারী প্রকৌশলী (মেকানিক্যাল)-১জন বেতনঃ ১৬০০০-৩৮৬৪০/-	যন্ত্র কৌশলে বিষয়ে ৬ বৎসরের অভিজ্ঞতাসহ ডিপ্লোমা ইঞ্জিনিয়ার। সিএনসি মেশিনে প্রোগ্রাম, অপারেশন, CAD/CAM সফটওয়্যার, ট্রাবলসুটিং এবং মেইনটেন্যান্স অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার দেয়া হবে। ডাই মোল্ড তৈরীর কাজে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার।
৩.দক্ষ কারিগর (মেশিনিষ্ট)-৪জন বেতনঃ ৮৮০০-২১৩১০/-	এসএসসি (ভোকেশনাল)/ সমমান।বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন।
৪.দক্ষ কারিগর (ইলেকট্রিক্যাল)-২জন বেতনঃ ৮৮০০-২১৩১০/-	এসএসসি (ভোকেশনাল/ সমমান)। বাণিজ্যিক প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট ক্ষেত্রে ন্যূনতম ২ বৎসরের অভিজ্ঞতা সম্পন্ন। বিভিন্ন মেশিনের কন্ট্রোল প্যানেল/ কন্ট্রোল সিস্টেম রক্ষণাবেক্ষন ইলেকট্রিক্যাল/ইলেকট্রনিক্স যন্ত্র মেরামতে অভিজ্ঞতা সম্পন্নদের অগ্রাধিকার।
৫.সিকিউরিটি গার্ড-২জন বেতনঃ ৮৫০০/-	এসএসসি/ সমমান। উচ্চতা ন্যূনতম ৫-৪ইঞ্চি। শারীরিকভাবে যোগ্য। সংশ্লিষ্ট ক্ষেত্রে অভিজ্ঞতা সম্পন্ন সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত সদস্যদের জন্য বয়স শিথিলযোগ্য।

১। বয়স ৩১ ডিসেম্বর ২০১৮ তারিখে অনুর্ধ্ব ৩০ বৎসর। ক্রমিক নং ৫ পদের জন্য ১৮-২২ বৎসর। (২) আগ্রহী প্রার্থীদের নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, জাতীয়তা, ধর্ম, শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা, বৈবাহিক অবস্থা, মোবাইল নম্বর ও জাতীয় পরিচয়পত্র নম্বর উল্লেখ পূর্বক পূর্ণাঙ্গ জীবন বৃত্তান্ত সহ আবেদন করতে হবে। (৩) আবেদনপত্রের সাথে গেজেটেড কর্মকর্তা কর্তৃক সত্যায়িত নিম্নলিখিত ডকুমেন্টস সংযুক্ত করতে হবেঃ (ক) শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদপত্র সমূহের কপি (খ) জাতীয় পরিচয়পত্রের কপি (গ) মুক্তিযোদ্ধার সন্তান কোটার প্রয়োজনীয় সনদপত্র (ঘ) প্রার্থীর সাথে মুক্তিযোদ্ধা সম্পর্ক উল্লেখপূর্বক সংশ্লিষ্ট ইউনিয়ন/ পৌরসভা/ সিটি কর্পোরেশনের চেয়ারম্যান/ মেয়র কর্তৃক প্রদত্ত প্রত্যায়ন পত্রের কপি (ঙ) সম্প্রতি তোলা ২ কপি পাসপোর্ট আকারের ছবি (চ) গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র (৪) সকল আবেদনপত্র ব্যবস্থাপনা পরিচালক, বাংলাদেশ ডিজেল প্ল্যান্ট লিমিটেড, গাজীপুর সেনানিবাস, জয়দেবপুর, গাজীপুর-১৭০০ বরাবর আগামী ১৫ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের মধ্যে পৌছাইতে হবে। (৫) চাকরিরত প্রার্থীদের এনওসি আবেদনপত্রের সাথে প্রদান করতে হবে। (৬) লিখিত, ব্যবহারিক ও মৌখিক পরীক্ষার তারিখ ও সময়সূচি পরবর্তীতে মোবাইল/ ই-মেইল/ কুরিয়ার যোগে জানানো হবে। এছাড়া www.bdp.gov.bd ভিজিট করা যেতে পারে। মেজর, পক্ষে ব্যবস্থাপনা পরিচালক।

সূত্রঃ ইত্তেফাক ২৫/১/২০১৯ইং (পৃঃ ১৪)

মাষ্টার সিমেক্স পেপার লিঃ এ চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.ব্যবস্থাপক-কারখানা-১জন (নরসিংদীর জন্য)	ন্যূনতম গ্রাজুয়েট। সমপদে ১০ বছরের এবং প্রিন্টিং কাজে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ৩৫-৪৫ বছর।
২.উপ-ব্যবস্থাপক (হেড অফিসের জন্য)-২জন	ন্যূনতম গ্রাজুয়েট, প্রিন্টিং কাজে ৫ বছরের অভিজ্ঞতা। বয়স ৩০-৩৫ বছর
৩.উপ-ব্যবস্থাপক (উৎপাদন) (গাজীপুরের জন্য)-২জন	ন্যূনতম গ্রাজুয়েট, বুক প্রিন্টিং প্রেসে সংশ্লিষ্ট পদে ৫ বছরের অভিজ্ঞতা। বয়স ৩২-৩৮ বছর
৪.সহকারী ব্যবস্থাপক-(উৎপাদন) (লেবেল প্রিন্টিং) নরসিংদীর জন্য)-২জন	ন্যূনতম গ্রাজুয়েট। লেবেল প্রিন্টিং কারখানায় সমপদে ৫ বছরের কাজের অভিজ্ঞতা।
৫.কম্পিউটারাইজ অনলাইন মেশিন অপারেটর (নরসিংদীর জন্য)-৫ জন	ন্যূনতম ডিপ্লোমা ইন কম্পিউটার সাইন্স। বয়স ২৫-৩০ বছর।
৬.সুপারভাইজার (নরসিংদীর জন্য)-৫জন	ন্যূনতম গ্রাজুয়েট। প্রিন্টিং কাজে ৫ বছরের অভিজ্ঞতা। বয়স ২৮-৩৫ বছর।
৭.অফিসার (ডিস্ট্রিবিউশন)-২জন নরসিংদীর জন্য	ন্যূনতম গ্রাজুয়েট। সংশ্লিষ্ট কাজে ৫ বছরের অভিজ্ঞতা। বয়স ২৮-৩০ বছর
৮.ষ্টোর অফিসার (গাজীপুরের জন্য)-২ জন	ন্যূনতম গ্রাজুয়েট। সমপদে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। বয়স ২৮-৩০ বছর

আগ্রহী প্রার্থীগণ আগামী ১৪/০২/২০১৯ইং তারিখের মধ্যে খামের উপর পদের নাম উল্লেখপূর্বক পূর্ণ জীবন বৃত্তান্ত সদ্যতোলা ১ কপি পাসপোর্ট সাইজের ছবি শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সনদ এর ফটোকপিসহ সরাসরি/ কুরিয়ারযোগে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। কোন ধরণের সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে বিবেচিত হবে। পরিচালক (প্রশাসন), মাষ্টার সিমেক্স পেপার লিঃ, প্যারামাউন্ট হাইটস (১৬তম তলা), ৬৫/২/১ বক্স কালভার্ট রোড, পুরানা পল্টন, ঢাকা-১০০০, ফোনঃ ৯৫৮০০৯৫, ৯৫৭০৩০৩। সূত্রঃ প্রথমআলো ২৯/১/১৯ইং (পৃঃ ৪)

নিয়োগ বিজ্ঞপ্তি

নরসিংদী পাবলিক কলেজ, নরসিংদী সদর, নরসিংদীতে প্রভাষক বাংলা, ICT, পদার্থ, রসায়ন, প্রাণিবিজ্ঞান, উচ্চতর গণিত, পৌরনীতি ও সুশাসন প্রতি বিষয়ে ২ দুইজন করে ও হোস্টেল সুপার ১জন নিয়োগ করা হবে। কলেজ পর্যায়ে অভিজ্ঞ প্রভাষকদের অগ্রাধিকার দেওয়া হবে। প্রয়োজনীয় কাগজপত্র সহ আগামী ০৮/০২/২০১৯ শুক্রবার সকাল ১০.০০ টায় উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। অধ্যক্ষ।

০১৭২৮০৮২০৩১, ০২৯৪৫২৭০৬ (অফিস)

আকিজ বিড়ি ফ্যাক্টরী লিমিটেডে চাকরি

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.চীফ সিকিউরিটি অফিসার	সেনাবাহিনীর অবসরপ্রাপ্ত মেজর পদমর্যাদার কর্মকর্তা। বয়স সর্বোচ্চ ৫৫ বছর।
২.সিনিয়র হিসাবরক্ষণ ও প্রশাসনিক কর্মকর্তা বেতনঃ ২৫০০০-৩০০০০/-	হিসাব বিজ্ঞানে মাস্টার্স। হিসাব সংক্রান্ত কাজে একই প্রতিষ্ঠানে ৫ বছর কাজের অভিজ্ঞতা। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।
৩.পারচেজ অফিসার চীফ বেতনঃ ২০০০০/-	কৃষি বিজ্ঞানে স্নাতক/ স্নাতকোত্তর। মটর সাইকেল চালনায় পারদর্শী। কম্পিউটার পরিচালনায় দক্ষ। বয়স সর্বোচ্চ ২৮-৩৫ বছর
৪.হিসাবরক্ষন কর্মকর্তা বেতনঃ ২০০০০-২৫০০০/-	হিসাব বিজ্ঞানে মাস্টার্স। হিসাব সংক্রান্ত কাজে একই প্রতিষ্ঠানে ৩ বছর কাজের অভিজ্ঞতা। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।
৫.নিরীক্ষা কর্মকর্তা বেতনঃ ২৫০০০-৩০০০০/-	হিসাব বিজ্ঞানে অনার্সসহ মাস্টার্স এবং সিএ (সিসি) কোর্স সম্পন্ন হতে হবে। নিরীক্ষা সংক্রান্ত কাজে একই প্রতিষ্ঠানে ২ বছর কাজের অভিজ্ঞতা। বয়স সর্বোচ্চ ৩৫ বছর।
৬.এরিয়া ম্যানেজার বেতনঃ ২২৫০০/-	স্নাতকোত্তর পাশ। ভোগ্যপণ্য বিপণন কাজে কমপক্ষে ৩ বছরের অভিজ্ঞতা। উচ্চতা ৫ ফুট ৫ইঞ্চি। বয়স ৩২ থেকে ৩৭ বছর।
৭.হিসাবরক্ষক-সেলডিপো/ ডিপো বেতনঃ ১৬০০০/-	হিসাব বিজ্ঞানে স্নাতক/স্নাতকোত্তর পাশ। পণ্য ডিস্ট্রিবিউশন, স্টোর ও হিসাব সংক্রান্ত কাজে ২ বছরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। কম্পিউটার চালনায় পারদর্শী হতে হবে।
৮.টেরিটরী অফিসার বেতনঃ ১৬০০০/-	স্নাতক পাশ। ভোগ্যপণ্য বিপণন কাজে অভিজ্ঞ প্রার্থীদের অগ্রাধিকার। উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ৫ইঞ্চি। বয়স ২৭ থেকে ৩২ বছর।

আগ্রহী প্রার্থীগণকে আবেদন পত্র ও ছবি সংযুক্ত জীবন বৃত্তান্ত সহ আগামী ৭ ফেব্রুয়ারী ২০১৯ তারিখের মধ্যে hrd@akijgroup.org ইমেইল এ পাঠানোর জন্য অনুরোধ করা যাচ্ছে। উল্লেখ্য, ইমেইলে সাবজেক্ট লাইন এ পদের নাম লিখতে হবে। আকিজ চেম্বার, ৭৩ দিলকুশা বা/এ, ঢাকা-১০০০। সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ২৫/১/১৯ইং (পৃঃ ৭)

বাংলাদেশ সেনাবাহিনীতে চাকরি

১ম পাতার পর

Master Card, Bkash, Rocket ইত্যাদির মাধ্যমে ১০০০/- টাকার (অফেরতযোগ্য) আবেদন ফি প্রদান করতে পারবেন। আবেদন প্রক্রিয়াতেই ওয়েব সাইটে বর্ণিত পদ্ধতি অনুসরণ করে আবেদন ফি প্রদান করা যায় এবং তাৎক্ষণিকভাবে প্রাথমিক সাক্ষাৎকারের কল-আপ লেটার পাওয়া যায়। নির্বাচন পদ্ধতি ঃ ১। প্রাথমিক স্বাস্থ্য ও মৌখিক পরীক্ষা আগামী ৩ মার্চ হতে ২১ মার্চ ২০১৯ তারিখ পর্যন্ত বিভিন্ন সেনানিবাসে অনুষ্ঠিত হবে। কোন প্রার্থীর পরীক্ষার দিন উপস্থিত হতে অপারগ হলে বর্ণিত সময়ের মধ্যে যে কোন দিন উপস্থিত হয়ে উক্ত পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবে। তবে পরীক্ষার তারিখ পরিবর্তনের বিষয়টি পূর্বেই সরাসরি নিজ নিজ পরীক্ষা কেন্দ্রে জানাতে হবে।

২। লিখিত পরীক্ষা ঃ প্রাথমিক নির্বাচনী পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে বাংলা, ইংরেজী, সাধারণ গণিত এবং সাধারণ জ্ঞান বিষয়ে সাক্ষাৎকার পত্রে উল্লেখিত স্থানে লিখিত পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। লিখিত পরীক্ষা আগামী ২৪ মে ২০১৯ (শুক্রবার) তারিখে অনুষ্ঠিত হবে। লিখিত পরীক্ষার ফলাফল www.joinbangladesharmy.army.mil.bd ওয়েবসাইটে প্রকাশ করা হবে। ৩। আন্তঃ বাহিনী নির্বাচনী পর্ষদ (ISSB) পরীক্ষা ঃ লিখিত পরীক্ষায় যোগ্য প্রার্থীদের ঢাকা সেনানিবাসে আইএসএসবি এর নিকট পরীক্ষা/ সাক্ষাৎকারের জন্য নির্ধারিত তারিখে উপস্থিত হতে হবে। পরীক্ষা/ সাক্ষাৎকারের তারিখ আইএসএসবি'র ওয়েবসাইটে প্রকাশ করা হবে। এই পরীক্ষা চার দিনে সম্পন্ন করা হবে এবং যাবতীয় ব্যয় সরকার কর্তৃক বহন করা হবে।

৪। চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষা ঃ আইএসএসবি পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে চূড়ান্ত স্বাস্থ্য পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে। (৫)। বিএমএ প্রশিক্ষণ ঃ ক্যাডেটগণ একাডেমিতে ৩ বছরের প্রশিক্ষণ গ্রহণ করবেন। ৪র্থ বৎসর বিএমএতে অবস্থান করে অফিসার হিসেবে স্নাতক (সম্মান)/ ইঞ্জিনিয়ারিং ডিগ্রী সমূহ সম্পন্ন করবেন। (৬) ক্যাডেট কলেজ/ বিএনসিসি/ এমসিএসকে এর ক্যাডেটদের স্ব স্ব কলেজ/ রেজিমেন্টের মাধ্যমে আবেদন করতে হবে। আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ ঃ ২৩ ফেব্রুয়ারী ২০১৯। অনলাইনে আবেদন করতে যেকোন প্রকার অসুবিধা হলে ওয়েবসাইটে দেখানো কাস্টমার সাপোর্ট নাম্বারে (+৮৮০১৮৮৫০২১০২২) সরাসরি যোগাযোগ করুন। পরিচালক, পার্সোনেল সার্ভিসেস পরিদপ্তর, এ্যাডজুটেন্ট জেনারেল শাখা সেনাবাহিনী সদর দপ্তর, ঢাকা সেনানিবাস।

সূত্রঃ বাংলাঃ প্রতিদিন ২৫.১.১৯ইং (পৃঃ ৫)

নীলফামারী টেকনিক্যাল স্কুল ও কলেজে চাকরি

স্মারক নং-৩৭.০৩.৭৩০০.০০৩.০১.০০৭.১৯.৭২৫ তারিখঃ ২৬.১.১৯খ্রি.

পদের নাম	শিক্ষাগত যোগ্যতা
১.গেষ্ট ট্রেইনার (ফুল টাইম ড্রাইভিং ট্রেইনার)-১জন বেতনঃ দৈনিক ১৫০০/-	পেশাদার ড্রাইভিং লাইসেন্সসহ ১০ বছরের বাস্তব অভিজ্ঞতা। কমপক্ষে অষ্টম শ্রেণী পাস, বয়স সর্বোচ্চ ৪৫ বছর। বিআরটিএ কর্তৃক অনুমোদিত প্রশিক্ষকদের অগ্রাধিকার দেয়া হবে
